**অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০**

**শ্রেণি: নবম**

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় ঃ হিসাববিজ্ঞান (সৃজনশীল)** **পূর্ণমান : ৭০**

*[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও]*

**১।** ১ জানুয়ারি ২০১৯ সালে জনাব আব্বাস এর পারিবারিক অবস্থা নিম্নরূপ :

বাড়িঘর ২৫,০০,০০০ টাকা; আসবাবপত্র ১,২০,০০০ টাকা; বিনিয়োগ ৪০,০০০ টাকা; গহনাপত্র ১,৪০,০০০ টাকা; হাতে নগদ ৩৩,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৮০,০০০ টাকা।

**জনাব সায়মুনের পারিবারিক প্রাপ্তি ও প্রদান হিসাব**

২০১৭ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-১৭) | ৩৩,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| বেতন | ৩,৬৩,০০০ | দৈনন্দিন বাজার খরচ | ১,২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | টেলিভিশন ক্রয় | ২৩,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,২০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষা খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ২১,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ২,২৫,০০০ |
| | | ড্রাইভারের বেতন | ২৪,০০০ |
| | | সমাপনী হাতে নগদ | ১৩,০০০ |
| | ৫,১৭,৫০০ | | ৫,১৭,৫০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) গ্যাস, পানি বকেয়া ২,৫০০ টাকা। (২) অনাদায়ি বিনিয়োগের সুদ ২,০০০ টাকা।

ক. জনাব আব্বাসের পারিবারিক তহবিল কত? ২

খ. ৩১/১২/২০১৯ তারিখের আয়-ব্যয় বিবরণী তৈরি কর। ৪

গ. উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২। জনাব রশিদ-এর ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো ছির নিম্নরূপ :

মূলধন ১,৫০,০০০ টাকা; ক্রয় ৭০,০০০ টাকা; বিক্রয় ৮০,০০০ টাকা; মজুদ পণ্য (৩১/১২/১৮) ২৩,০০০ টাকা; পাওনাদার ৩০,০০০ টাকা; মজুদ পণ্য (১/১/১৮) ২৫,০০০ টাকা; বন্ধকী ঋণ ১৫,০০০ টাকা; বকেয়া বেতন ৭০০ টাকা; প্রদেয় বিল ১,২০০ টাকা; প্রাপ্য কমিশন ৩০০০ টাকা; উত্তোলন ৩৫০০ টাকা; শিক্ষানবিশ ভাতা ৫৫০০ টাকা; সাধারণ সঞ্চিতি ৪০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত (৩১/১২/১৮) ৬৫০০ টাকা; বহি:ফেরত ৫০০ টাকা; হাতে নগদ (১/১/১৮) ১০,০০০ টাকা; পাওনাদারের বাট্টা সঞ্চিতি ২,০০০ টাকা; হাতে নগদ (৩১/১২/১৮) ৬০০০ টাকা; সুনাম ১,২৫,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৪৭,৯০০ টাকা।

ক. জনাব রশিদের রেওয়ামিলে যে সব উদ্বৃত্ত অর্ন্তভূক্ত হবে না, তার মোট পরিমাণ নির্ণয় কর? ২

খ. জনাব রশিদের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. ৩১/১২/২০১৮ তারিখে জনাব রশিদের ব্যবসায়ের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৩। আরিফুল ট্রেডার্স ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,২০,০০০ টাকা ও ৭০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে একটি ব্যবসায় শুরু করল। সারা মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

জানু. ১ ব্র্যাক ব্যাংকে ১৫০,০০০ টাকা জমা দিয়ে প্রতিষ্ঠানের নামে একটি ব্যাংক হিসাব খোলা হলো।

" ৪ বেলাল এন্টারপ্রাইজের নিকট হতে ৪৫,০০০ টাকার পণ্য ক্রয়, নগদ প্রদান ২০,০০০ টাকা ও চেকে প্রদান ১৫,০০০ টাকা।

" ৬ ৮০,০০০ টাকার পণ্য বিক্রয়, নগদ ৩০,০০০ টাকা ও চেকে ২৫,০০০ টাকা পাওয়া গেল।

" ৯ বেলাল এন্টারপ্রাইজের অবশিষ্ট পাওনা ১০,০০০ টাকা পরিশোধ করা হলো।

" ১৮ মালিক নিজ প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করলেন ৮,০০০ টাকা।

" ২৮ বিজ্ঞাপন খরচ প্রদান ৮,০০০ টাকা।

ক. আরিফুল ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনগুলোর মাধ্যমে প্রমাণ কর যে, A = L + E. ৪

গ. আরিফুল ট্রেডার্সের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৪। বুলবুল এন্টারপ্রাইজ এর ২০১৯ সালের লেনদেনগুলো ছিল নিম্নরূপ–
মালিক কর্তৃক সরবরাহকৃত মূলধন ৯০,০০০ টাকা

যন্ত্রপাতি ক্রয় ১,০০,০০০ টাকা

বিনিয়োগের সুদ প্রাপ্তি ৭,০০০ টাকা

বিদ্যুৎ সংযোগ ব্যয় ২০,০০০ টাকা

বিজ্ঞাপন বাবদ প্রদান ১০,০০০ টাকা

ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা

একটি ডেলিভারি ভ্যান ক্রয় ৪০,০০০ টাকা

ক্রয়কৃত ডেলিভারি ভ্যানের পরিবহন খরচ ২,০০০ টাকা

প্রচারের জন্য সাইনবোর্ড খরচ ৫,০০০ টাকা

ক. বুলবুল এন্টারপ্রাইজের বিজ্ঞাপন ব্যয়ের পরিমাণ কত? ২

খ. বুলবুল এন্টারপ্রাইজের মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় ব্যয় নির্ণয় কর। ৪

গ. ক্রয়কৃত ডেলিভারি ভ্যানটি ৩০,০০০ টাকা বিক্রয় করলে মূলধনজাতীয় আয় বা ক্ষতির পরিমাণ কত হবে? ৪

৫। ইমরান ট্রেডারস নামে ব্যবসায় প্রতিষ্ঠানের জুন ২০১৯ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | |
|---|---|
| ব্যবসায়ে মূলধন আনয়ন | ২,৫০,০০০ টাকা |
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ টাকা |
| বাট্টা প্রাপ্তি | ৫,৭০০ টাকা |
| বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় | ৪,০০,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি (২০১৮ সালের ৩০%) | ৪০,০০০ টাকা |
| আসবাবপত্র বিক্রয়জনিত লাভ | ৪,৫০০ টাকা |

| | |
|---|---|
| আমদানি শুল্ক পরিশোধ | ৫,০০০ টাকা |
| ব্যবসায়ের জন্য ফ্রিজ ক্রয় | ৭৫,০০০ টাকা |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৫০,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৭,৩০,০০০ টাকা |
| বিমা সেলামি | ৭,৫০০ টাকা |
| শিক্ষানবিশ সেলামি (যার ২৫% গত বছরের) | ৪০,০০০ টাকা |
| পুরাতন কম্পিউটার বিক্রয় | ১০,০০০ টাকা |
| ঋণের সুদ প্রদান | ৫,০০০ টাকা |

ক. মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মূলধনজাতীয় প্রাপ্তি ও মুনাফাজাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নির্ণয় কর। ৪

**৬। রিফাত এন্টারপ্রাইজের ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের পরিমাণ নিম্নরূপ :**

| | |
|---|---|
| মূলধন | ২০০,০০০ টাকা |
| প্রদেয় বিল | ৩০,০০০ টাকা |
| আসবাবপত্র | ৯০,০০০ টাকা |
| প্রাপ্য হিসাব | ৬৫,০০০ টাকা |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ টাকা |
| অনাদায়ি সুদ | ৫,০০০ টাকা |
| যন্ত্রপাতি | ১,২০,০০০ টাকা |
| ব্যাংক হিসাব | ৫৫,০০০ টাকা |
| বন্ধকি ঋণ | ১,০০,০০০ টাকা |
| অগ্রিম ভাড়া | ২০,০০০ টাকা |
| আয়কর | ১৫,০০০ টাকা |
| বকেয়া বেতন | ১২,০০০ টাকা |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ টাকা |
| নগদান হিসাব | ২৫,০০০ টাকা |
| অগ্রিম প্রদত্ত কমিশন | ৪,০০০ টাকা, |
| সুনাম | ১৫,০০০ টাকা, |

ক. উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. রিফাত এন্টারপ্রাইজের সম্পদ হিসাব চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উল্লিখিত হিসাবগুলো হতে মোট দায় হিসাবের পরিমাণ নির্ণয় কর। ৪

**৭। রিমন এন্টারপ্রাইজের ২০১৭ সালের মার্চ মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :**

মার্চ ১ জনাব রিমন নগদ ২,০০,০০০ টাকা, ৩০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ৫০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলেন।

" ৪ জনাব রহমানের নিকট হতে চেকের মাধ্যমে ক্রয় ২,০০০ টাকা।

" ৫ অফিসের প্রয়োজনে ঘড়ি ও ক্যালকুলেটর ক্রয় ১,২০০ টাকা।

" ১১ সবুজ ট্রেডার্সের নিকট ৩,০০০ টাকার চাল বিক্রয়। শর্ত ২/১০, নিট ৩০, চালান নং ১৩৫, কারবারি বাট্টা ৫%।

" ১৪ বেতন অপরিশোধিত রয়েছে ৫,০০০ টাকা।

" ২০ যমুনা ব্যাংকে একটি হিসাব খোলা হলো ২,০০০ টাকা।

" ২৯ দোকান ভাড়া অগ্রিম পরিশোধ ৩,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ১১ তারিখের লেনদেনটি অবলম্বনে একটি চালান প্রস্তুত কর। ৪

গ. মার্চ ৪, ৫, ১৪ ও ২৯ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

৮। জনাব কৌশিক একজন পাইকারি ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৯ সালে নভেম্বর মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

নভে. ১ মেসার্স আরাফ অ্যান্ড ব্রাদার্স-এর নিকট প্রতি কেজি ১০০ টাকা দরে ৩৮ কেজি মসুর ডাল বিক্রয়। পরিবহন খরচ ৭০০ টাকা। কারবারি বাট্টা ৩%, চালান নং ৩০৫।

" ২০ জহির অ্যান্ড সন্সের নিকট প্রতি প্যাকেট ১৮০ টাকা দরে ২০ প্যাকেট গুঁড়ো দুধ বিক্রয়। কারবারি বাট্টা ৫%, চালান নং ৩০৮, প্যাকিং খরচ ২৫০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব কৌশিকের আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো বিবেচনা করে জনাব কৌশিকের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর ভিত্তিতে জনাব কৌশিকের সাধারণ খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

৯। জনাব হাসান ২০১৯ সালের ১ জুন তারিখে নগদ ৬০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেন ছিল নিম্নরূপ :

জুন ২ ব্যাংকে হিসাব খোলা হলো ১৫,০০০ টাকা।

" ৮ রফিকের নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ৫,০০০ টাকা।

" ১২ বাবুলের নিকট হতে ক্রয় ১০,০০০ টাকা।

" ১৫ বাবুলের নিকট পণ্য ফেরত পাঠানো হলো ৩,০০০ টাকা।

" ২৭ কর্মচারী আকবরের বেতন অপরিশোধিত রয়েছে ৫,০০০ টাকা।

" ৩০ দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়।

ক. ২৭ ও ৩০ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা প্রদান কর। ২

খ. নগদান হিসাব ও ক্রয় হিসাব ঞ ছকে খতিয়ানভুক্ত কর। ৪

গ. পাওনাদার হিসাব ও ব্যাংক হিসাব চলমান জের ছকে লিপিবদ্ধ কর। ৪

**১০। রাজিব ট্রেডার্সের ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসের লেনদেন নিম্নরূপ :**

ফেব্রু: ১ হাতে নগদ ৯,৩০০ টাকা এবং ব্যাংকে জমার ক্রেডিট উদ্বৃত্ত ২,৭০০ টাকা।

" ৫ জনাব আশরাফ কর্তৃক সরাসরি ব্যাংকে জমা দান ৫,০০০ টাকা।

" ৭ ব্যক্তিগত প্রয়োজনে ব্যংক হতে উত্তোলন ২,০০০ টাকা।

" ৯ ৬,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে জনাব আরাফাত হতে ৬,৩০০ টাকা চেক প্রাপ্তি।

" ১৩ পণ্য ক্রয় নগদে ২০০০ টাকা এবং চেকে ১,০০০ টাকা।

" ১৯ ২,০০০ টাকার দেনা চেক পরিশোধ করে ২০০ টাকা বাট্টা পাওয়া গেল।

" ২১ মালিক ব্যক্তিগতভাবে ব্যাংকে জমা দিলেন ১০,০০০ টাকা।

" ২৭ বেতন নগদে ৩,০০০ টাকা এবং ভাড়া চেকে পরিশোধ ৬,০০০ টাকা।

ক. প্রাপ্ত বাট্টা ও প্রদত্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

গ. একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

**১১। জনাব দিপায়ন ২০১৯ সালের অক্টোবর মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :**

অক্টো. ১ নগদ উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ২০,০০০ টাকা।

" ৫ ইমরানকে ৭,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৬,৮০০ টাকা পরিশোধ করা হলো।

" ৭ মালিক কর্তৃক ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।

" ১২ রফিকের নিকট হতে নগদে ক্রয় ৫,০০০ টাকা।

" ১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।

" ১৭ শফিকের নিকট হতে ১০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৫,০০০ টাকা নগদে এবং ৪,৫০০ টাকা চেকে প্রাপ্তি।

" ২৫ ব্যাংক হতে উত্তোলন করা হলো ১,০০০ টাকা।

" ৩০ মালিক কর্তৃক সরাসরি ব্যাংকে জমা দেওয়া হলো ৪০,০০০ টাকা।

ক. জনাব দিপায়ন এর ব্যবসায়ের কন্ট্রা-এন্ট্রির পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো অবলম্বনে এক খানি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপরিউক্ত লেনদেনগুলো দ্বারা একখানি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

## শ্রেণি: নবম

**সময় : ৩০ মিনিট** **বিষয় ঃ হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি)** **পূর্ণমান : ৩০**

১. শুধু চলতি হিসাবকালের পরিশোধকৃত অর্থ কী হিসেবে গণ্য হবে?

ক. মুনাফা জাতীয় ব্যয় খ. মুনাফা জাতীয় প্রদান

গ. মূলধন জাতীয় ব্যয় ঘ. মূলধন জাতীয় প্রদান

২. রফিক এন্টারপ্রাইজ বিক্রয়ের উদ্দেশ্যে কয়েকটি মেশিন ক্রয় করল। এটি কোন জাতীয় খরচ?

ক. মূলধন জাতীয় খরচ খ. মুনাফা জাতীয় খরচ

গ. মূলধনায়িত খরচ ঘ. বিলম্বিত মুনাফা জাতীয় খরচ

৩. যে ব্যয় মুনাফা জাতীয় হওয়া সত্ত্বেও নির্দিষ্ট হিসাব বছরে সীমাবদ্ধ না থেকে একাধিক বছরসমূহে সুবিধা পাওয়া যায় তাকে কী বলে?

ক. মূলধন জাতীয় ব্যয় খ. অগ্রিম ব্যয়

গ. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ঘ. মূলধনায়িত ব্যয়

৪. বিশেষ জাবেদা শ্রেণিবিভাগের মধ্যে অন্তর্ভূক্ত-

i. ক্রয় জাবেদা ii. নগদ প্রাপ্তি জাবেদা iii. নগদ প্রদান জাবেদা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

৫. পারিবারিক বাজেটে খাদ্য খাতে শতকরা কতটুকু বরাদ্দ রাখা যুক্তিসংগত?

ক. ২০%-২৫% খ. ১০%-১৫%

গ. ১৫%-২০% ঘ. ৫%-১০%

৬. চাকরিজীবিদের কর নির্ধারণ হয় কীসের ভিত্তিতে?

ক. আয়ের খ. ব্যয়ের গ. সম্পদের ঘ. দায়ের

৭. পরিবারের আয় হিসেবে গণ্য হয় না নিচের কোনটি?

ক. বেতন প্রাপ্তি খ. পুরাতন আসবাবপত্র বিক্রয়

গ. ভাড়া প্রাপ্তি ঘ. দাতব্য সেবা

৮. বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?

ক. চালান খ. ডেবিট নোট গ. ক্রেডিট নোট ঘ. ভাউচার

৯. পাওনালিপি প্রেরণ করা হয় কার নিকট?

ক. ক্রেতার নিকট খ. বিক্রেতার নিকট

গ. ক্যাশিয়ারের নিকট ঘ. হিসাবরক্ষকের নিকট

১০. সাধারণ জাবেদাকে কয় ভাগে ভাগ করা যায়?

ক. দুই ভাগে খ. তিন ভাগে গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে

১১. কোনটির ওপর ভিত্তি করে ক্রয় জাবেদা প্রস্তুত করা হয়?

ক. ডেবিট নোট খ. ক্রেডিট নোট গ. চালান ঘ. রসিদ

১২. সুমনা লিমটেডের নিকট ১০% কারবারি বাট্টায় ১,৮০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ২০,০০০ টাকার একটি চেক পাওয়া গেল। বিক্রয় জাবেদায় কত টাকা দেখাতে হবে?

ক. ১,৪০,০০০ টাকা খ. ১, ৪২, ০০০ টাকা

গ. ১,৬০,০০০ টাকা ঘ. ২,০,০০০ টাকা

১৩. নগদ ক্রয় ১,০০,০০০ টাকা, ধারে ক্রয় ২০,০০০ টাকা কারবারি বাট্টা ৫%। ক্রয় জাবেদায় কত টাকা যাবে?

ক. ১,২০,০০০ টাকা খ. ২১,০০০ টাকা

গ. ১৯,০০০ টাকা ঘ. ১,২১,০০০ টাকা

১৪. লেনদেনগুলো শ্রেনিবিন্যাস করে পাকাপাকিভাবে লিপিবদ্ধ করা হয়-

ক. জাবেদায় খ. খতিয়ানে গ. নগদান বইতে ঘ. রেওয়ামিলে

১৫. কোনটি প্রাথমিক বই নয়?

ক. খতিয়ান খ. বিক্রয় বই গ. ক্রয় বই ঘ. প্রকৃত জাবেদা

১৬. জাবেদা থেকে দাখিলাসমূহ পৃথকভাবে খতিয়ানের হিসাবসমূহে স্থানান্তরিত করার কাজকে কী বলা হয়?

ক. জাবেদায়ন খ. সংক্ষিপ্তকরণ

গ. লিপিবদ্ধকরণ ঘ. খতিয়ানভুক্ত করণ

১৭. কোনটি প্রস্তুত করা বাধ্যতামূলক নয়?

ক. খতিয়ান খ. রেওয়ামিল

গ. বিশদ আয় বিবরণী ঘ. আর্থিক অবস্থার বিবরণী

১৮. জের টানার আরেক নাম কী?

ক. সমতাপ্রাপ্ত খ. সমতাহীন গ. অসমতাপ্রাপ্ত ঘ. ব্যালেন্সিং

১৯. কোন খতিয়ান হিসাবের উভয় দিক আপনাআপনি সমান হয়ে গেলে হিসাবটিকে বলা হয়-

ক. আদর্শ খ. সমতাপ্রাপ্ত গ. সুষম ঘ. জেরবিহীন

২০. আয় বা লাভ জাতীয় হিসাবগুলো সর্বদা নির্দেশ করে-

ক. ডেবিট ব্যালেন্স হয় খ. ক্রেডিট ব্যালেন্স হয়

গ. ডেবিট ও ক্রেডিট ব্যালেন্স হয় ঘ. সমাপ্তি ব্যালেন্স হয়

২১. ডেবিট উদ্বৃত্ত হ্রাস পায় যদি উক্ত হিসাবকে-

ক. ক্রেডিট করা হয় খ. ডেবিট করা হয়

গ. ডেবিট-ক্রেডিট করা হয় ঘ. উপরের কোনটিই নয়

২২. পূর্ববর্তী হিসাবকাল থেকে বর্তমান হিসাবকালে আনীত বোঝাতে ব্যবহৃত হয়-

i. b/d ii. b/f iii. c/f

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. i ও ii ঘ. iii

২৩. নগদ তহবিল মিলিয়ে দেখা কার অপরিহার্য্য কর্তব্য?

ক. মালিকের খ. ক্যাশিয়ারের গ. ম্যানেজারের ঘ. কর্মকর্তার

২৪. রেওয়ামিল একটি-

ক. হিসাব খ. জমা-খরচ

গ. লেনদেনের তালিকা ঘ. হিসাবের ব্যালেন্সগুলোর তালিকা

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :
প্রারম্ভিক নগদ তহবিল ৫,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ ৮,০০০ টাকা; সমাপনী নগদ তহবিল ১০,০০০ টাকা; সমাপনী মজুদ ১২,০০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; ব্যাংক জমার উদ্বৃত্ত ১৫,০০০ টাকা; বকেয়া বেতন ২,০০০ টাকা।

২৫. উল্লিখিত দফাসমূহের মধ্যে কয়টি দফা রেওয়ামিলে অন্তর্ভূক্ত হবে?

ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ৭টি

২৬. বকেয়া বেতন হিসাবকে রেওয়ামিলের ক্রেডিট পার্শ্বে লিপিবদ্ধ করার কারণ হল-

i. বকেয়া বেতন কারবারের দায় সৃষ্টি করে

ii. বকেয়া বেতন হিসাব খতিয়ানে ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে

iii. বকেয়া বেতন কারবারের মুনাফা বৃদ্ধি করে

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. i ও ii ঘ. i, ii ও iii

২৭. ব্যাংক কলাম কোন ধরনের উদ্বৃত্ত প্রকাশ করে?

ক. ডেবটি উদ্বৃত্ত খ. ক্রেডিট উদ্বৃত্ত

গ. ডেবিট বা ক্রেডিট যে কোন উদ্বৃত্ত

ঘ. ডেবিট ও ক্রেডিট উভয় উদ্বৃত্ত

২৮. নগদান বইয়ের 'কন্ট্রা' শব্দটি দ্বারা বোঝায়-

i. চেকের মাধ্যমে টাকা গ্রহণ করা

ii. ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক টাকা উত্তোলন

iii. ব্যাংকে টাকা জমাদান

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. iii ঘ. ii ও iii

২৯. নির্দিষ্ট তারিখের পূর্বে প্রদানের জন্য দেনাদারকে যে বাট্টা দেওয়া হয় তাকে বলে-

i. কারবারি বাট্টা ii. নগদ বাট্টা iii. পরিমাণ বাট্টা

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. iii ঘ. i ও iii

৩০. কোনো দ্রব্যের তালিকা মূল্যের ওপর যে বাট্টা হিসাব করা হয় তাকে কী বলে?

i. নগদ বাট্টা ii. পরিমাণ বাট্টা iii. কারবারি বাট্টা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii গ. iii ঘ. i ও i

## অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

### শ্রেণি: নবম

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল)** **পূর্ণমান : ৭০**

*[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও]*

**১।** কামাল একজন বড় মাছ ব্যবসায়ী। তিনি কখনও মাছে ফরমালিন ও রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। ব্যবসার প্রয়োজনে তিনি অনেকের কাছ থেকে টাকা ধার নেন এবং সময়মতো তা ফেরত দেন।

| | | |
|---|---|---|
| ক. | কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব? | ১ |
| খ. | ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। | ২ |
| গ. | কামালের ব্যবসায় পরিচালনায় কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | 'কামালের ব্যবসায়ে বিভিন্ন পক্ষের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা ফুটে উঠেছে– বিশেষণ কর। | ৪ |

**২।** মি. হাসান একজন উদীয়মান লেখক, ২০১৮ সালের একুশের বই মেলায় মুক্তিযুদ্ধের উপর তাঁর গল্পের বই প্রকাশ করেন। প্রথম সপ্তাহেই তাঁর প্রথম সংস্করণের ৩০০০ কপি শেষ হয়ে যায়। পুনরায় তিনি ২য় সংস্করণে ৩০০০ কপি বই ছাপলেন। কিন্তু বইটি আগের মতো আর বিক্রয় হচ্ছে না। তিনি খোঁজ নিয়ে দেখলেন বইটির নকল কপি প্রকৃত দামের চেয়ে অনেক কমদামে বিক্রয় হচ্ছে।

| | | |
|---|---|---|
| ক. | কোন ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক? | ১ |
| খ. | লাইসেন্স বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। | ২ |
| গ. | মি. হাসানের সৃস্ট কাজটি কোন ধরনের অন্তর্গত? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | মি. হাসানের নকল প্রতিরোধে কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তি দাও। | ৪ |

**৩।** রফিক বর্তমান বছরে হিমসাগর জাতের আম উৎপাদনের লক্ষ্যমাত্রা  অর্জন করে। সে আম বিক্রয়ের জন্য আজিজ ট্রেডার্সকে সিলেট শহরে নিয়োজিত করে। আজিজ ট্রেডার্স সরাসরি ভোক্তার নিকট পণ্য বিক্রয়ের ব্যবস্থা করে। ফলে ভোক্তারা পণ্য পেয়ে সন্তুষ্টিলাভ করে।

| | | |
|---|---|---|
| ক. | জেন্ডার সচেতনতা বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ? | ১ |
| খ. | গুদামজাতকরণ বলতে কী বোঝায়? | ২ |
| গ. | আম সরবরাহে কোন বণ্টনপ্রণালিটি ব্যবহার করা হয়েছে তা চিহ্নিত করে ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | আজিজ ট্রেডার্স ভোক্তা সন্তুষ্টির জন্য কোন উপযোগকে প্রাধান্য দিয়েছে? বিশেষণ কর। | ৪ |

**৪।** জনাব তুহিন পণ্য আমদানি বাণিজ্যের সাথে জড়িত। সমুদ্রপথে ঝড়ঝঞ্ঝা, জাহাজডুবিতে আর্থিক ক্ষতির কথা চিন্তা করে তিনি একটি বিমা করেন এবং নিজেকে নিরাপদ মনে করেন। জনাব জাহিদ তার পরিবারের ভবিষ্যৎ চিন্তা করে একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হন।

| | | |
|---|---|---|
| ক. | মেধাসম্পদ কাকে বলে? | ১ |
| খ. | ব্যবসার জন্য বিমা অত্যন্ত সহায়ক– ব্যাখ্যা কর। | ২ |
| গ. | জনাব তুহিন কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | জনাব জাহিদ তার পরিবারের জন্য কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। | ৪ |

**৫।** জনাব সুমন স্নাতক পাস করে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ গ্রহণ করে বেতের সোফা, চেয়ার, ঝুড়ি বানানো শুরু করেন। এ কাজে তার স্ত্রী, ছেলে ও মেয়ে তাকে সাহায্য করে এবং সে বেশ সফলতা অর্জন করে।

| | | |
|---|---|---|
| ক. | উৎপাদনের বাহন কী? | ১ |
| খ. | কর্মসংস্থান সৃষ্টি হওয়া বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। | ২ |
| গ. | জনাব সুমনের কাজটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | জনাব সুমনের শিল্পটি কীভাবে বেকার জন্যগোষ্ঠীকে দারিদ্রা ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করছে বিশেষণ কর। | ৪ |

**৬।** শহর থেকে বিভিন্ন ধরনের জিনিসপত্র ক্রয় করে এনে দোকানে বিক্রি করেন। এ কাজে সহায়তার জন্য তিনি একজন অভিজ্ঞ বিক্রয়কর্মী নিয়োগ দিয়েছেন। তিনি সততা ও বিশ্বস্ততার সাথে ব্যবসায় করেন বলে মাত্র কয়েক বছরেই বেশ উন্নতি করেছেন।

| | | |
|---|---|---|
| ক. | খুচরা ব্যবসায় কী? | ১ |
| খ. | সততা ও বিশ্বস্ততা বলতে কী বোঝ? | ২ |
| গ. | বণ্টনপ্রণালিত আব্দুর রহিমের অবস্থান দেখাও। | ৩ |
| ঘ. | একজন মধ্যস্থব্যবসায়ী হিসেবে উদ্দীপকের রহিম যেসব কার্যক্রম সম্পাদন করেন সেগুলো মূল্যায়ন কর। | ৪ |

**৭।** জনাব মাহফুজ আমেরিকা থেকে ৫ কোটি টাকার পণ্য আনয়ন করেন। এজন্য তিনি পণ্যের উপর ৫ লক্ষ টাকার একটি বিমা করেন। কোনো প্রকার দুর্ঘটনা ছাড়াই পণ্য চট্টগ্রাম বন্দরে পৌঁছায় এবং আনুষ্ঠানিকতা শেষে তিনি পণ্যগুলো খালাস করেন।

ক. উপমহাদেশে কত সালে ট্রেডমার্কস আইন প্রণয়ন হয়? ১
খ. সমবায়ের প্রধান নীতি কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মাহফুজ কোন ধরনের বিমা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'দুর্ঘটনা না ঘটলেও মাহফুজের পণ্যের জন্য বিমা গুরুত্বপূর্ণ'— বিশেষণ কর। ৪

**৮।** রিপন ও সিপন দুই বন্ধু সমপরিমাণ মূলধন বিনিয়োগ করে একটি ব্যবসায় গঠন করে। তারা দুজনই ব্যবসায় পরিচালনা করেন। একজন দেনাদারের কাছ থেকে টাকা আদায় নিয়ে ঝামেলা হওয়ায় তারা আইনের আশ্রয় গ্রহণ করে তা সমাধান করেছেন।

ক. স্মারকলিপি কী? ১
খ. একমালিকানা ব্যবসায়ের দায় অসীম কেন? ব্যাখ্যা কর। ২
গ. রিপন ও সিপন কর্তৃক গঠিত ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রিপন ও সিপন আইনের আশ্রয় গ্রহণ করতে পেরেছে কেন? মতামত দাও। ৪

**৯।** জনাব শাহেদ যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে মাছ চাষের ওপর প্রশিক্ষণ গ্রহণ করে বাড়িতে ৩টি মৎস্য খামার প্রতিষ্ঠা করেন। তার খামারের মাছ স্থানীয় হাটে বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করেন। এখন তার খামার হতে মাছ বিদেশেও রপ্তানি হচ্ছে।

ক. ব্যবসায়ের সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কোনটি? ১
খ. বেকারত্ব সমাজে অভিশাপস্বরূপ কেন? ২
গ. জনাব শাহেদের খামারটি কী হিসেবে বিবেচিত হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাতীয় অর্থনৈতিক উন্নয়নে খামারটির অবদান মূল্যায়ন কর। ৪

**১০।** জনাব রাহাত হোসেন দেশে উৎপাদিত পাটের সঠিক ব্যবহার নিশ্চিত করার কথা চিন্তা করে নরসিংদীর কাউরিয়া পাড়ায় আলীজান জুট মিল নামক একটি শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানে কয়েকশত শ্রমিক কাজ করছে এবং সংসার পরিচালনা করার উপার্জন করতে পারছেন।

ক. পূর্বানুমান কী? ১
খ. উদ্যোক্তার প্রশিক্ষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের কোন অবদানের কারণে জনাব রাহাত হোসেন জুট মিল গড়ে তোলেন? ৩
ঘ. শ্রমিক-কর্মীরা কীভাবে আলীজান জুট মিলে অবদান রাখছে বলে তুমি মনে করো? ৪

**১১।** জনাব শফিক গাজীপুরে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেছেন। তিনি চীন থেকে কাপড় আমদানি করে পোশাক প্রস্তুত করে ইউরোপের বিভিন্ন দেশে রপ্তানি করেন। সম্প্রতি আমেরিকার একটি প্রতিষ্ঠান জনাব শফিকের ফ্যাক্টরি থেকে তৈরি পোশাক কেনার আগ্রহ প্রকাশ করেছে।

ক. ব্যাংকিং ব্যবসায় কোন পরিবেশের উপাদান? ১
খ. কীভাবে পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি হয়? ২
গ. জনাব শফিক কীভাবে পণ্যের রূপগত উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শফিকের ব্যবসায়ের কোন উপাদানটি রপ্তানি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে? মূল্যায়ন কর।

## অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

**শ্রেণি: নবম**

**সময় : ৩০ মিনিট** **বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি)** **পূর্ণমান : ৩০**

**১. একটি কোম্পানি প্রকৃত পক্ষে জন্ম লাভ করে কখন?**
ক. নিবন্ধন পত্র পাওয়ার সাথে সাথে

খ. নিবন্ধন পত্র জমা দেয়ার সাথে সাথে

গ. যোগ্যতাসূচক শেয়ার ক্রয়ের পর

ঘ. কার্যারম্ভের অনুমতি পত্র পাওয়ার পর

**২. ব্যান্ড বক্স, কে এফসি, পিজ্জাহাট কোন ধরনের ব্যবসায়?**
ক. এক মালিকানা খ. অংশীদারি

গ. যৌথ মূলধনী ঘ. ফ্রানসাইজিং

**৩. কোন পুঁজির অভাবে বাংলাদেশের অনেক শিল্প কারখানায় উৎপাদন ব্যাহত হয়?**
ক. চলতি খ. স্থায়ী

গ. নিজস্ব ঘ. ঋণ

**৪. সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ ব্যবসায় সংগঠন কোনটি—**
ক. চায়ের দোকান খ. জুয়েলারি

গ. কাপড়ের দোকান ঘ. ঔষধের দোকান

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

নাবিদ “ইক্যুইটি” কোম্পানির একজন ম্যানেজার। ফ্ল্যাট বিক্রি করা এই প্রতিষ্ঠানের কাজ। অপরদিকে শাওন একজন সনদ প্রাপ্ত হিসাব বিজ্ঞানী।

**৫. নাবিদের ‘ইক্যুইটি’ কোন ধরনের শিল্প—**
ক. সেবা খ. নির্মাণ

গ. উৎপাদন ঘ. প্রজনন

**৬. শাওনের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত?**
ক. বাণিজ্য খ. শিল্প

গ. প্রত্যক্ষ সেবা ঘ. বিনিময়

**৭. সমবায় সমিতি গঠনে নিবন্ধনের আবেদন পত্রের সাথে দিতে হয়—**
i. সমিতির সিল মোহরের নমুনা

ii. উপবিধির তিন কপি

iii. সমিতির সদস্যদের নাম ঠিকানা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮. মার্জিত ব্যবহার আদর্শ বিক্রয় কর্মীর কোন ধরনের গুণাবলি?**
ক. শারীরিক খ. মানসিক

গ. নৈতিক ঘ. অন্যান্য গুণাবলি

**৯. অংশীদারি আইনের কোন ধারায় বাধ্যতামূলক বিলোপ সাধনের কথা বলা হয়েছে?**
ক. ৪০ ধারা খ. ৪৩ ধারা

গ. ৪১ ধারা ঘ. ৪৫ ধারা

**১০. ইথস শব্দের অর্থ কী?**
ক. মানব আচরণের মানদণ্ড

খ. অনুসরণীয় মূল্যবোধ

গ. অনুকরণীয় জ্ঞান বোধ

ঘ. শিক্ষকদের আদেশ নির্দেশ

**১১. ‘৪০ কাউন্টের সুতা’ কিসের উদাহরণ?**
ক. প্রমিতকরণ খ. পর্যায়িত করণ

গ. গ্রেডিং ঘ. প্যাকিং

**১২. কোনটির মাধ্যমে শিল্পখাতসহ সকল খাতেরই উন্নয়ন সম্ভব?**

ক. ব্যবসায় উদ্যোগ

খ. ব্যবসায় সম্প্রসারণ

গ. জনকল্যাণ

ঘ. উন্নয়ন

**১৩.বাংলাদেশে বর্তমানে বিমা আইন কত সালের—**

ক. ১৯৩৮ খ. ১৯৯৭

গ. ২০০৬ ঘ. ২০১০

**১৪.বাংলাদেশে মেধাসম্পদ দিবস কত তারিখে পালিত হয়?**

ক. ২৬ মে খ. ২৮ এপ্রিল

গ. ২৭ এপ্রিল ঘ. ২৬ এপ্রিল

**১৫. রাষ্ট্রীয় ব্যবসায় প্রতিষ্ঠা করা হয় কেন?**

ক. কর আদায়ের জন্য খ. রাষ্ট্র নিয়ন্ত্রণের জন্য

গ. জনকল্যাণের জন্য ঘ. মুনাফা অর্জনের জন

**১৬. যৌথমূলধনী কোম্পানির ক্ষেত্রে একজন নারীকে ন্যূনতম কত শতাংশ শেয়ার ধারণ করলে তাকে নারী– উদ্যোক্তা বলে**

ক. ৫০% খ. ৫১%

গ. ৭০% ঘ. ৭৫%

*উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :*

শাওন তার ব্যবসায়ে অর্জিত মুনাফার উপর সরকার কর্তৃক আরোপিত সকল ব্যয় প্রদান করে। কিন্তু সে উৎপাদনের আদর্শ পদ্ধতি অনুসরণ করে না। তার প্রতিষ্ঠানে বর্তমানে ২০০ লোক কর্মরত আছে।

**১৭. শাওন দেশের প্রতি কোন দায়িত্ব পালন থেকে বিরত রয়েছে?**

ক. নিয়মিত কর প্রদান　খ. রাজস্ব প্রদান

গ. আইনের বিধিবিধান　ঘ. কর্মসংস্থান সৃষ্টি

**১৮.শাওন রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করে—**

i. নিয়মিত আয়কর দিয়ে

ii. নিয়মনীতি মেনে চলে

iii.কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii　খ) i ও iii

গ) ii ও ররর　ঘ) i, ii ও iii

*উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:*

জনাব হাশেম বিদেশ থেকে ফিরে এসে ৫০ কোটি টাকা মূলধন নিয়ে ২৫৫ জন লোক নিয়ে একটি পাটের ব্যাগ তৈরির কারখানা স্থাপন করলেন।

**১৯. জনাব হাশেমের ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**

ক. উৎপাদনমূখী ক্ষুদ্র শিল্প　খ. বৃহৎ শিল্প

গ. সেবামূলক মাঝারি শিল্প　ঘ. কুটির শিল্প

**২০.জনাব হাশেমের ব্যবসায়টি দেশের অর্থনীতিতে অবদান রাখতে পারবে—**

i. বেশি কর্মসংস্থান সৃষ্টি করে

ii. দেশের ঐতিহ্য রক্ষা করে

iii. বেশি মুনাফা করে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii　খ) i ও iii

গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**২১.সমবায়ের নীতিমালা হলো—**

i. গণতন্ত্র

ii. সততা

iii.মিতব্যয়িতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii　খ) i ও iii

গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**২২. কোন বিমার ক্ষেত্রে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করা দুঃসাধ্য?**

ক. অগ্নিবিমা　খ. শস্যবিমা

গ. নৌবিমা　ঘ. জীবন বিমা

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**

প্রতিষ্ঠিত ব্যবসায়ী জনাব ইমরান সাফী শিক্ষার হার বাড়ানোর লক্ষে নিজ গ্রামে ও সারাদেশে স্কুল, কলেজ ও মাদ্রাসা স্থাপন করেন।

**২৩. কোন ধরনের দায়বদ্ধতা থেকে জনাব ইমরান সাফী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন?**

ক. ব্যক্তিগত　খ. রাষ্ট্রীয়

গ. সামাজিক　ঘ. নৈতিক

**২৪. পৃথিবীতে সর্বপ্রথম কোন ধরনের ব্যবসায় কার্যক্রম শুরু হয়?**

ক. অংশীদারি　খ. একমালিকানা

গ. সমবায় সমিতি　ঘ. যৌথমূলধনী ব্যবসায়

**২৫. ফ্রানসাইজিং ব্যবসায়ের কয়টি পক্ষ থাকে?**

ক. ২টি　খ. ৩টি

গ. ৪টি　ঘ. ৫টি

**২৬. গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি করে কোন শিল্প?**

ক. বৃহৎ শিল্প　খ. কুটির শিল্প

গ. ক্ষুদ্র শিল্প　ঘ. মাঝারি শিল্প

**২৭. বিপণনের প্রধান কাজ কয়টি?**

ক. ৪টি　খ. ৬টি

গ. ৯টি　ঘ. ১০টি

**২৮. কপিরাইট ব্যবসায় উদ্যোক্তার কী?**

ক. দায়　খ. আয়

গ. ব্যয়　ঘ. সম্পদ

**২৯. সেবামূলক বৃহৎ শিল্পের বিনিয়োগ সীমা কত?**

ক. ৫ কোটির বেশি　খ. ১০ কোটির বেশি

গ. ১৫ কোটির বেশি　ঘ. ২০ কোটির বেশি

**৩০. পণ্য বন্টন প্রণালির শেষ প্রান্তে কে থাকে?**

ক. উৎপাদক　খ. পাইকার

গ. ভোক্তা　ঘ. খুচরা ব্যবসায়

## অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

**শ্রেণি: নবম**

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় ঃ ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল)** **পূর্ণমান : ৭০**

*[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও]*

**ক - বিভাগ: ফিন্যান্স**

**১।** জনাব কামাল একজন ইলেকট্রনিক্স ব্যবসায়ী। ব্যবসার শুরু করার পূর্বেই তার নিজস্ব অর্থায়ন হতে বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় করেন। ব্যবসায় ক্ষেত্রে বাকীতে মালক্রয় করেও অর্থায়ন করা সম্ভব। এছাড়াও তিনি অগ্রণী ব্যাংক হতে ঋণ নিয়ে ব্যবসায়ের বিভিন্ন সরঞ্জাম ক্রয় করেন।

ক) বহিস্থ তহবিল কী?

১

খ) প্রদেয় করের পরিমাণ কীভাবে কম হয়, লেখ।

২

গ) উদ্দীপকে জনাব কালাম অগ্রণী ব্যাংক হতে কেমন সময়ের জন্য ঋণ নিয়েছেন ব্যাখ্যা কর।

৩

ঘ) 'বাকিতে মাল ক্রয় করেও অর্থায়ন করা সম্ভব' কথাটির যথার্থতা বিশ্লেষণ কর।

৪

**২।** জনাব আকাশ একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি নানা ডিজাইনের পোশাক তৈরি করেন। এ ক্ষেত্রে তিনি নিজস্ব মূলধন ব্যবহার করেন। কিন্তু মূলধনের ঘাটতি হলে তিনি ক্রেতাদের নিকট থেকে অগ্রিম গ্রহণ করে থাকেন। এতে তাঁর মূলধন জনিত সমস্যা লাঘব হয় এবং উৎপাদন কার্য সচল থাকে।

ক) ব্যবসায় অর্থায়ন কাকে বলে?

১

খ) প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বুঝ? ২

গ) ক্রেতার নিকট থেকে অগ্রিম গ্রহণ কোন তহবিলের অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রতিষ্ঠান সচল রাখতে বহিস্থ তহবিলের গুরত্ব ব্যাখ্যা কর।

৪

**৩।** কামাল সাহেব ক ও খ দুইটি প্রকল্পে তার মূলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধন অপর্যাপ্ততার কারণে তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেয়ার সিদ্ধান্ড় নেন। প্রকল্প দুটির গত ৫ বছরের আয়ের পরিমাণ নিম্নরূপ :

| সাল | ক | খ |
|---|---|---|
| ২০০৮ | ১৪% | ১২% |
| ২০০৯ | ১৩% | ১৭% |
| ২০১০ | ১৭% | ১৭% |
| ২০১১ | ১৫% | ১৪% |
| ২০১২ | ১৬% | ৭% |

ক. পরিচালনা খরচ হিসেবে মিশ্রণ?

১

খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝ?

২

গ. ক ও খ প্রকল্প দুটির আদর্শ বিচ্যুতি নির্ণয় কর।

৩

ঘ. কামাল সাহেবের কোন প্রকল্পটি বন্ধ করে দেয়া উচিত বলে তুমি মনে কর? যদি বন্ধ করার সিদ্ধান্ড় নেওয়া প্রকল্পটির ঝুঁকির হার ও আয়ের হার বেশি থাকে তবে তুমি কি সিদ্ধান্ড় দিবে?

৪

**৪। জনাব হাসান সাহেব একটি বাণিজ্যিক ব্যাংকে ৬ বছরে দ্বিগুণ হওয়ার পলিসিতে ২ লক্ষ টাকা জমা রাখতে গিয়ে তাঁর বন্ধুর পরামর্শে ব্যাংকে না রেখে ১৩% মুনাফায় একই মেয়াদের সঞ্চয়পত্র ক্রয় করেন।**

ক. সরল সুদের ক্ষেত্রে কিসের ওপর সুদ গণনা করা হয়?

১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর।

২

গ. জনাব হাসানের অর্থের ভবিষ্যৎ মূল্য চক্রবৃদ্ধি প্রক্রিয়ায় নির্ণয় কর।

৩

ঘ. বিনিয়োগের ক্ষেত্রে জনাব হাসানের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর।

৪

**৫।** সুমি অ্যান্ড ব্রাদার্স ৩ বছর মেয়াদি প্রকল্পে ১২,০০,০০০ টাকা বিনিয়োগ করল। আগামী ৩ বছরের প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৭ লক্ষ, ৮ লক্ষ ও ৯ লক্ষ টাকা। আরও অনুমান করা হয় যে, প্রতি বছর বিক্রয়ের ৪০% চলতি খরচ হবে। প্রাক্কলিত বার্ষিক অবচয় ১,০০,০০০ টাকা। সর্বশেষে ৩০% হারে কর অনুমান করা হয়।

ক. মূলধন বাজেটিং-এর ব্যর্থতার দায়ভার নিতে হয় কাকে?

১

খ. নগদ আন্তঃপ্রবাহ ও নিট মুনাফার পার্থক্য নির্ণয়কারী উপাদানটি ব্যাখ্যা কর।

২

গ. সুমি অ্যান্ড ব্রাদার্স-এর প্রকল্পের নিট মুনাফা নির্ণয় কর।

৩

ঘ. সুমি অ্যান্ড ব্রাদার্স-এর গড় মুনাফার হার নির্ণয় কর।

৪

**৬।** জনাব রায়হান সাহেব একজন চাকরিজীবী তিনি জানের শেয়ারবাজারে অর্থ বিনিয়োগ করা লাভজনক। কিন্তু তিনি এমন ধরনের শেয়ার ক্রয় করতে চান, যে শেয়ার ইচ্ছে অনুযায়ী
যেকোনো সময় রূপান্তর করা যায়, মুনাফা প্রাপ্তির ওপর অগ্রাধিকার পাওয়া যায় এবং সম্পদের ওপর দাবি থাকে।

ক) অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশ পাওয়া যায় কী হারে?

১

খ) অগ্রাধিকার শেয়ারের অসুবিধাগুলো ব্যাখ্যা কর।

২

গ) রায়হান সাহেবের জন্য কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করা উপযুক্ত বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৩

ঘ) জনাব রায়হান সাহেবের ধারণা অনুযায়ী অগ্রাধিকার শেয়ার ক্রয় কী তার জন্য নিরাপদ ও লাভজনক? মতামত দাও।

৪

## খ-বিভাগ : ব্যাংকিং

**৭।** মি. জয়নুল একজন সাধারণ চাকুরীজীবি। তার আয় খুব সীমিত। সে ব্যাংকে হিসাব খোলার সিদ্ধান্ত নিল এবং তার পাশাপাশি এ্যাগ কার্ড ও অনলাইন সুবিধা চায়। অপর দিকে মি. জাফর একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনিও ব্যাংকে হিসাব খুলবেন। এজন্য সে তার বন্ধু শফিকের সাথে পরামর্শ করলে শফিক সাহেব জাফরকে বললেন যে তার জয়নুলের মতো হিসাব খোলার প্রয়োজন নেই।

ক. ব্যাংকের কোন ধরনের হিসাব জমাতিরিক্ত অর্থ উত্তোলনের সুবিধা প্রদান করে?

১

খ. এনব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বুঝ?

২

গ. মি. জয়নুলের চাহিদা মোতাবেক কোন ধরনের হিসাব তার জন্য উপযোগী?

৩

ঘ. মি. জাফর কোন ধরনের হিসাব খুলতে পারেন? উদ্দীপকের আলোকে যুক্তিসহ বিশে-ষণ কর।

৪

**৮।** প্রাইম ব্যাংকের একজন কর্মকর্তা বলছিল গ্রাহকদের সন্তুষ্টি বিধান ও গ্রাহক সেবা বৃদ্ধির মাধ্যমে তাদের প্রতিষ্ঠান মুনাফা অর্জন করছে। এই জন্য তারা বিভিন্ন ব্যাংকিং নীতি যথাযথভাবে পালন করে। তারা আমানতকারীর জন্য পর্যাপ্ত অর্থ রেখে ঋণগ্রহীতার সচ্ছলতা ও সততা বিচার করে নিরাপদ খাতে বিনিয়োগ করে।

ক. ব্যাংকিং কোন ধরনের ব্যবসা?

১

খ. চেইন ব্যাংকিং বলতে কি বুঝ?

২

গ. "গ্রাহকের সন্তুষ্টি বিধান ও গ্রাহক সেবা বৃদ্ধির মাধ্যমে ব্যাংক মুনাফা অর্জন করে"-উক্তিটির যৌক্তিকতা আলোচনা কর।

৩

ঘ. প্রাইম ব্যাংকের মেনে চলা কয়েকটি ব্যাংকিং নীতি আলোচনা কর।

৪

**৯।** জনাব আবুল হোসেন একজন পাইকারি ব্যবসায়ী। প্রায় প্রতিদিনই তার অনেক টাকা নগদ লেনদেন হয়। কিন্তু নগদ টাকার লেনদেন ও নগদ টাকা সংরক্ষণ করা ঝুঁকিপূর্ণ। তাই তিনি ব্যাংকিং লেনদেন করতে আগ্রহী এবং ব্যাংকের হিসাব খোলার সিদ্ধান্ড় নেন। আবুল হোসেন সঞ্চয়ী হিসাব খুলতে আগ্রহী।

ক. সঞ্চয়ী হিসাব কী?

১

খ. ক্রেডিট কার্ড বলতে কী বোঝ?

২

গ. জনাব আবুল হোসেনকে সঞ্চয়ী হিসাব খুলতে কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে?

৩

ঘ. ব্যবসায়ী আবুল হোসেনকে তুমি কোন ধরনের হিসাব খোলার পরামর্শ দেবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৪

**১০।** স্বপ্ন ব্যাংক লিমিটেড একটি প্রধান অফিস এবং উক্ত অফিসের অধীনে কয়েকটি শাখা স্থাপনের মাধ্যমে ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে। ব্যাংকটির প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন হলো যেন অনিশ্চিয়তা ও ঝুঁকি এড়ানো যায় সেজন্য বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংক ব্যবসার নীতি মেনে চলে।

ক. শুধুমাত্র বৈদেশিক মুদ্রার লেনদেন হয় কোন হিসাবে?

১

খ. অনলাইন ব্যাংকিং বলতে কী বোঝায়?

২

গ. উদ্দিপকের ব্যাংকটি কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাখ্যা দাও?

৩

ঘ. বিনিয়োগের ক্ষেত্রে উদ্দীপকের উক্ত ব্যাংকিং মূলনীতিটির ভূমিকা বিশ্লোষণ কর।

৪

**১১।** বিকে সাহা ব্যাংকে একটি হিসাব খোলেন। তিনি ব্যাংকে হিসাব খোলার সময় কিছু প্রতারণার আশ্রয় নিয়েছেন ব্যাংক যখন তার প্রতারণার কথা বুঝতে পারে তখন বিকে সাহার ব্যাংক হিসাবটি বন্ধ করে দেয়।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী?

১

খ.ব্যাংককে গ্রাহকের প্রতিনিধি বলা হয় কেন?

২

গ. বিকে সাহা কোন নীতিটি অমান্য করে প্রতারণার আশ্রয় নেন?ব্যাখ্যা কর।

৩

ঘ. ব্যাংক ও গ্রাহকের সম্পর্ক কী কী কারণে অবসান ঘটে থাকে বিশ্লেষণ কর।

৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি – নবম

## বিষয় ঃ ফিন্যান্স ও ব্যাংকিং

## (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৩০

**[দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। দীর্ঘমেয়াদি অর্থায়নে অভিনব পদ্ধতি কী?

(ক) ঋণ　　(খ) লিজিং

(গ) ঋণপত্র　　(ঘ) বন্ড

২। মূলধন ভিত্তিক অভ্যন্ড়রীণ উৎসসমূহ হলো-

i. অবণ্টিত মুনাফা

ii. শেয়ার

iii. মালিকের মূলধন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

৩। ব্যাংক বা কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণের সিদ্ধান্ড় গ্রহণ করলে কোনটি বিবেচনা করতে হয়?

(ক) কিস্তিড় পরিশোধের ক্ষমতা

(খ) সুদের পরিমাণ

(গ) অর্থ বিনিয়োগের ক্ষমতা

(ঘ) নির্ধারিত কমিশন

৪। বাট্টা হার প্রয়োজন হয় কেন?

(ক) ভবিষ্যত নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্ড়র করতে

(খ) নগদ প্রবাহ প্রাক্কলন করতে

(গ) বর্তমান মূল্যকে ভবিষ্যত মূল্যের রূপান্ড়র করতে

(ঘ) প্রকল্পের আয়-ব্যয় নির্ণয় করতে

৫। সুদের হারের পরিবর্তনের সাথে সাথে কোনটির মূল্য ওঠা-নামা করে?

(ক) পণ্য দ্রব্যের　　(খ) শেয়ারের

(গ) বন্ডের　　(ঘ) অর্থের

৬। জনাব শুভ ৪% হার সাপ্তাহিক সুদের ২,০০,০০০ টাকা একটি আর্থিক প্রতিষ্ঠানের ১০ বছরের জন্য জমা রাখলো। ১০ বছর পর উক্ত অর্থের ভবিষ্যৎ মূল্য কত হবে?

(ক) ২,১৪,৩১২ টাকা　　(খ) ২,৬৪,৩৫২ টাকা

(গ) ২,৭৫,৭১৪ টাকা　　(ঘ) ২,৯৮,৩১৯ টাকা

৭। সুদের হারের সাথে অর্থের সময়মূল্যের হ্রাস-বৃদ্ধির সম্পর্ক কেমন?

(ক) সমানুপাতিক　　(খ) সমানুপাতিক নয়

(গ) বিপরীত　　(ঘ) অনুকূল

৮। মুনাফা বৃদ্ধির সাথে সাথে অর্থায়নে কোনটি বাড়ে?

(ক) আয়　　(খ) ব্যয়

(গ) বিক্রয়　　(ঘ) ঝুঁকি

❑ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

সাইফ ও সোহাগ দুই বন্ধু মেয়াদ শেষে বিমা কোম্পানী থেকে ২,০০,০০০ টাকা পেল। সাইফ তার ভাগের ১,০০,০০০ টাকা 'X' ব্যাংকে রাখল। অন্যদিকে, তার বন্ধু সোহাগ তার ভাগের ১,০০,০০০ টাকা দিয়ে শেয়ার ক্রয় করে রাখল।

৯। সাইফের বিনিয়োগকৃত ঋণ থেকে প্রাপ্ত অর্থের আয় কীরূপ?

(ক) ঝুঁকিমুক্ত আয় (খ) ঝুঁকিপূর্ণ আয়

(গ) বকেয়া আয় (ঘ) অগ্রিম আয়

১০। সোহাগের বিনিয়োগকৃত অর্থের ক্ষেত্রে-

i. পরিমাণ লভ্যাংশ অনিশ্চিত

ii. প্রাপ্ত ও প্রত্যাশিত লভ্যাংশ সমান হবে না

iii. স্থিতিশীলতা রক্ষা পাবে না

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১। রাজীবের ব্যবসায়ে প্রতি বছরে শতকরা ২০, −৫, ১৫ আয়ের ভিত্তিতে আদর্শ বিচ্যুতি কত হবে?

(ক) ১১.২৩% (খ) ১২.২৩%

(গ) ১৩.২৩% (ঘ) ১৫.২৩%

১২। ঝুঁকি মুক্ত আয় কোনটি?

(ক) ব্যাঙ্ক আমানতের সুদ

(খ) প্রদত্ত ঋণের সুদ

(গ) ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয়

(ঘ) লগ্নী থেকে প্রাপ্ত মুনাফা

১৩। বাট্টার হার কমলে কী হয়?

(ক) চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পাবে

(খ) বর্তমান মূল্য অপরিবর্তিত থাকবে

(গ) বর্তমান মূল্য বেশি হবে

(ঘ) বর্তমান মূল্য কম হবে

১৪। কোন ক্ষেত্রে ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকির তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে?

(ক) সিদ্ধান্তগ্রহণের ক্ষেত্রে (খ) পরিকল্পনা প্রণয়ণে

(গ) পরিচালনার ক্ষেত্রে (ঘ) মূলধন সংগ্রহে

১৫। পে-ব্যাক সময় পদ্ধতিতে কোন বিষয়টি গুরুত্ব সহকারে দেখা যায়?

(ক) বিনিয়োগের পরিমাণ

(খ) পে-ব্যাক সময় যত কম

(গ) প্রকল্পের মুনাফা

(ঘ) পে-ব্যাক সময় যত বেশি

১৬। ঝুঁকিপূর্ণ তথাপি আয় সম্ভাব্যতা অধিক কোন বিনিয়োগ?

(ক) বন্ডের ক্ষেত্রে (খ) সাধারণ শেয়ারে

(গ) ডিবেঞ্চারের ক্ষেত্রে (ঘ) অগ্রাধিকার শেয়ারে

১৭। কোনটি পরিমাপযোগ্য নয় কিন্তু অনুমান করা যায়?

(ক) ঝুঁকি (খ) আয়

(গ) অনিশ্চয়তা (ঘ) ব্যয়

১৮। শেয়ার বাজারে বিনিয়োগের পূর্বে কোম্পানির বিবেচনা করতে হয়-

i. নিট সম্পদ মূল্য

ii. ইপিএস

iii. শেয়ারহোল্ডারদের আর্থির্ক অবস্থা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯। কোনটি বিনিয়োগকারীদের নিকট তরল সম্পদ হিসেবে সমাদৃত?

(ক) সাধারণ শেয়ার (খ) অগ্রাধিকার শেয়ার

(গ) বন্ড (ঘ) ডিবেঞ্চার

২০। অগ্রাধিকার শেয়ার বিক্রয় কোন ধরনের তহবিল?

(ক) অভ্যন্তরীণ (খ) বহিঃস্থ

(গ) অবন্টিত (ঘ) সঞ্চিত

২১। নবগঠিত শেয়ারের অবলেখকের কাজ করে কোন ব্যাংক?

(ক) বিনিয়োগ ব্যাঙ্ক (খ) সঞ্চয়ী ব্যাঙ্ক

(গ) বন্ধকী ব্যাঙ্ক (ঘ) বিনিময় ব্যাঙ্ক

২২। সমবায় ব্যাঙ্ক কোন ধরনের প্রতিষ্ঠান?

(ক) সরকারি (খ) বেসরকারী

(গ) আধা সরকারী (ঘ) বিশেষায়িত

❑ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব আবিদ একটি ব্যাঙ্কের ব্যবস্থাপনা পরিচালক। ব্যাঙ্কটি সম্প্রতি অনলাইন ব্যাংকিং সেবা চালু করেছে। কিন্তু অর্থনৈতিক কারণে ব্যাংকটিতে তারল্য সংকট দেখা দিয়েছে।

২৩।উদ্দীপকে জনাব আবিদের ব্যাংকটি কোন ধরনের ব্যাঙ্ক?

(ক) একক ব্যাঙ্ক (খ) চেইন ব্যাঙ্ক

(গ) শাখা ব্যাঙ্ক (ঘ) গ্রুপ ব্যাঙ্ক

২৪। উপরিউক্ত ব্যাঙ্কটিতে তারল্য সংকট দেখা দেয়ার কারণ-

i. নতুন আমানতের অভাব

ii. মিতব্যয়ীতার নীতির অনুসরণ না করা

iii. প্রদত্ত ঋণ আদায় না হওয়া

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাঙ্ক ব্যবস্থায় অধিক সুবিধাজনক?

(ক) শাখা (খ) একক

(গ) গ্রুপ (ঘ) চেইন

২৬।ব্যাংকিং ব্যবসায় তহবিলে মূল উৎস কী?

(ক) ঋণের সুদ (খ) আমানত

(গ) অবন্টিত সঞ্চিতি (ঘ) ঋণ

২৭। ব্যাঙ্ক হিসাবের অন্যতম উদ্দেশ্য হলো-

i. বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি করা

ii. বিভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করা

iii. আমানতকারীর অর্থ নিরাপত্তা সংরক্ষণ করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮। লেনদেন ও সঞ্চয়ের উদ্দেশ্যে ব্যক্তিগত পর্যায়ে কোন হিসাব খোলা শ্রেয়?

(ক) বিমা সঞ্চয়ী (খ) সঞ্চয়ী

(গ) স্থায়ী (ঘ) চলতি

২৯। ব্যাঙ্ক ও গ্রাহকের সম্পর্ক কীসের ওপর গড়ে ওঠে?

(ক) চুক্তি (খ) আইন

(গ) হলফনামা (ঘ) বিশ্বাস

৩০।গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব হলো-

i. অর্থ ফেরত

ii. হিসাবের গোপনীয়তা

iii. সুদ আদায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii